



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত কেয়ার বাংলাদেশ এর অর্থায়নে **Strengthening Household Ability to Respond to Development Opportunities (SHOUHARDO-III)** কর্মসূচীর আওতায় নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন, নিকলি, কলমাকান্দা, খালিয়াজুরি ও মদন উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে অত্র অঞ্চলের দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর সাথে কাজ করতে প্রতিশ্রুতিশীল আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : ফিল্ড ট্রেনার- হেল্থ হাইজিন নিউট্রিশন এন্ড ওমেন এমপাওয়ারমেন্ট

দায়িত্ব ও কর্তব্য :

ফিল্ড ট্রেনার- হেল্থ হাইজিন নিউট্রিশন এন্ড ওমেন এমপাওয়ারমেন্ট কর্মসূচীতে অংশগ্রহনকারীদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে বর্ধিত মাত্রায় হেল্থ হাইজিন নিউট্রিশন সুবিধায় অভিজ্ঞতা এবং সমাজে নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণের জন্য দায়িত্বশীল থাকবেন। তিনি দল পর্যায়ে কর্মসূচী/কর্মকান্ডের অগ্রগতি মনিটরিং করবেন এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল অফিসার এর সাথে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য কাজ করবেন। তিনি কয়েকটি গ্রামের দায়িত্বে থাকবেন।

যোগ্যতা ও দক্ষতা :

- প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ২/৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ফ্যাসিলিটেশন দক্ষতা, এবং বহুমুখী উন্নয়ন কর্মসূচী সম্পর্কে ধারণা থাকতে হবে।
- বাংলা ভাষায় পারদর্শিতা এবং ইংরেজীতে মৌলিক দক্ষতা থাকতে হবে।
- ট্যাব ব্যবহার এবং প্রতিবেদন লেখায় দক্ষ হতে হবে।

অন্যান্য শর্তাবলী :

- দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নে অবস্থান করে কাজ করতে হবে।
- উক্ত পদের জন্য সংশ্লিষ্ট উপজেলার প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে তবে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের নিয়োগ দেওয়া হবে।
- শুধুমাত্র নারী প্রার্থীরা আবেদন করবেন।

শিক্ষাগত যোগ্যতা : স্নাতক পাস।

কর্মসূচীর মেয়াদ : জুন ২০২০ পর্যন্ত।

বেতন : সর্বসাকুল্যে মাসিক ১৫,৮৫৩/-টাকা এবং প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

আবেদনের নিয়মাবলী

আগ্রহী প্রার্থীদেরকে অবশ্যই জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি সদ্যতোলা রঙ্গিন ছবি এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইল নম্বরসহ আবেদনপত্র আগামী ০৩/১০/২০১৯ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), বাড়ী নং-৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।